

১/১০/২০২১
১৫/১০/২০২১



আনন্দ শিশু কানন

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর-১৭০১

ফোন : ৫৪৫৮

স্মারক নং- আ.শি.কা/১০৯/২৬০২

তারিখ : ০৩/১০/২০২১খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

আনন্দ শিশু কানন, বিএআরআই, গাজীপুর এর সহকারী শিক্ষক নিয়োগের জন্য বিধি মোতাবেক বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। পদের নাম : সহকারী শিক্ষক

পদের সংখ্যা : ০১ (এক)

বেতন : বিদ্যালয়ে প্রচলিত ৮,৮০০/- (আট হাজার আটশত) টাকা স্কেল ও অন্যান্য সুযোগ সুবিধা।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপি এ থাকা চলবে না। ৫ম শ্রেণি পর্যন্ত গণিত ও ইংরেজি পাঠদানে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়সসীমা : সর্বোচ্চ ৩০ বৎসর। অভিজ্ঞ ও উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

২। প্রার্থীদের সাদা কাগজে (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বৈবাহিক অবস্থা (ঙ) জন্ম তারিখ (চ) স্থায়ী ঠিকানা (ছ) বর্তমান ঠিকানা (মোবাইল নম্বরসহ) (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা (ট) পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর নম্বর এবং তারিখ উল্লেখ করে আবেদন করতে হবে।

৩। আবেদনপত্রের সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সত্যায়িত কপি (খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি রঙিন ছবি (ঘ) নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও স্থায়ী নিবাস সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি জমা দিতে হবে। সকল সনদপত্রের ফটোকপি, ছবি ও অন্যান্য কাগজপত্র (যদি থাকে) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়নে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবীসহ সীল ও স্বাক্ষর থাকতে হবে।

৪। সভাপতি, আনন্দ শিশু কানন, বিএআরআই, গাজীপুর এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড বিএআরআই শাখা, গাজীপুর বরাবর সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার দাখিল করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র পেশ করতে হবে।

৫। আবেদনপত্র মহাপরিচালক, বিএআরআই ও সভাপতি, আনন্দ শিশু কানন, বিএআরআই, গাজীপুর বরাবর আগামী ২১/১০/২০২১খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা শর্তাবলী অপরূপ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(ড. মো. নাজিরুল ইসলাম)

মহাপরিচালক

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

ও

সভাপতি

আনন্দ শিশু কানন বিদ্যালয়

ব্যবস্থাপনা কমিটি

বিএআরআই, গাজীপুর